

SWAMI VIVEKANANDA  
BHARATBARSER PREKSHITE 150 BACHHAR PERIYE

A collection of essays in Bengali

Edited by ANANDAMAY BHATTACHARYAY

Published by Jaysree Prakasani, 3/1 Vidyasagar Street  
Kolkata-700 009, Phone : 7449417211

jaysreeprakasani@gmail.com

₹ 300.00

ISBN : 978-81-938079-2-7

© রাইপুর ব্লক মহাবিদ্যালয়

জয়শ্রী প্রকাশন প্রথম প্রকাশ : ডিসেম্বর, ২০১৮

প্রচ্ছদ : কল্পতরু

অক্ষরবিন্যাস :

সুবোধ প্রেস

৬, ডালিমতলা লেন

কলকাতা-৭০০ ০০৬

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশের কোনও

মাধ্যমের সাহায্যে কোনও রকম পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না।

এই শর্ত না মানলে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়া হবে।

জয়শ্রী প্রকাশনীর পক্ষে ৩/১ বিদ্যাসাগর স্ট্রিট, কলকাতা-৭০০ ০০৯ থেকে প্রকাশিত

এবং দে'জ অফসেট ৩/২ মহেশ্বরতলা রোড, কলকাতা-৭০০ ০০৪৬ থেকে মুদ্রিত

বর্তমান ভারতকে

14



১৩২ স্বামী বিবেকানন্দ : ভারতবর্ষের প্রেক্ষিতে ১৫০ বছর পেরিয়ে

- ৩। স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা (পঞ্চম খণ্ড), উদ্বোধন কার্যালয়, কলকাতা, চতুর্থ সংস্করণঃ শ্রাবণ ১৩৮৩।
- ৪। স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা (ষষ্ঠ খণ্ড), উদ্বোধন কার্যালয়, কলকাতা, চতুর্থ সংস্করণঃ চৈত্র ১৩৮৩।
- ৫। স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা (অষ্টম খণ্ড), উদ্বোধন কার্যালয়, কলকাতা, চতুর্থ সংস্করণঃ শ্রাবণ ১৩৮৩।
- ৬। স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা (দশম খণ্ড), উদ্বোধন কার্যালয়, কলকাতা, চতুর্থ সংস্করণঃ শ্রাবণ ১৩৮৩।
- ৭। চিন্তনাময়ক বিবেকানন্দ, স্বামী লোকেশ্বরানন্দ (সম্পাদিত), রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, কলকাতা, পরিমার্জিত দ্বিতীয় সংস্করণ, দ্বাদশতম মুদ্রণঃ ডিসেম্বর ২০০৩।
- ৮। বহুদেপে বিবেকানন্দ, স্বামী চেতনানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকাতা, তৃতীয় সংস্করণঃ শ্রাবণ ১৪১২।
- ৯। বিবেকানন্দের জীবন ও বিশ্ববাণী, রোমাঁ রোলান্দ (অনুবাদঃ ঋষি দাস), ওরিয়েন্ট বুক কোম্পানী, চতুর্থ সংস্করণ, ১৩৭৬।
- ১০। স্বামী বিবেকানন্দ কালে কালোত্তরে, বিপ্লব চক্রবর্তী (সম্পাদিত), পুস্তক বিপণী, কলকাতা, প্রথম প্রকাশ মহালয়া ১৪২০।

ISBN: 978-81-938079-2-7

\* Swami Vivekananda Bharatbrosser Presshite  
150 Backhar Periya

স্বামী বিবেকানন্দের শিক্ষাদর্শনে ইতিহাসচেতনা ও

বর্তমান ভারত

নীলাঞ্জন চাকী

স্বামী বিবেকানন্দ-ভারতের প্রাচীন সভ্যতা ও সংস্কৃতির প্রতিনিধির মূর্তরূপ। রবীন্দ্রনাথের ভাষায়—‘If you want to know India, Study Vivekananda, in him everything is positive and nothing Negative’ স্বামীজি নিজেই বলতেন—‘I am condensed India’ তিনি ছিলেন স্বয়ং শিব যিনি হিমালয় ছেড়ে নেমে এসেছিলেন ভারতের অগণিত দরিদ্র মানুষের আর্তসেবার ‘শিবজ্ঞানে জীবসেবা’ ব্রতে নিমজ্জিত হওয়ার জন্য। তিনি হয়ে উঠেছিলেন ভারততত্ত্ববিদ। পরিব্রাজক বেশে সারা ভারতের পথে-ঘাটে, মরুভূমিতে, সাগরে ভ্রমণকালে তিনি উপলব্ধি করেছিলেন শাস্ত্র ভারতকে। পীড়িত শোষিত ভারতবাসীর দুঃখবেদনা হৃদয় দিয়ে অনুভব করেছিলেন। তাই আজও বিবেকানন্দের ভাবগঙ্গা বর্তমানের পাশ্চাত্যমুখী ও জড়বাদী সমাজের কৌহবর্মভেদ করে সর্বগ্রাসী প্রবাহে বিরাজমান। তাঁর কাছ থেকে পরাধীন ভারতের যুবকগণ দুটি সর্বাধিক প্রয়োজনীয় বস্তুলাভ করেছিলো-আত্মসম্মান ও আত্মবিশ্বাস। তাঁর মধ্যে ছিল অসাধারণ শক্তি ও পবিত্রতা। তাঁর দৃষ্টিতে ধর্ম মানুষের পরিশ্রমের দ্বারা গঠিত ও চারিত্রিক শুদ্ধির উপর নির্ভরশীল। তিনি সেই ধর্মকে আমাদের সামনে উন্মোচিত করেছেন যা নির্দিষ্ট মতবাদকে আঁকড়ে ধরে চলে না, পথের বন্ধনকে স্বীকার করে না, যা পবিত্র করে ও মানব থেকে ঈশ্বররূপ হওয়ার দিকে অগ্রসর হতে আহ্বান করে।

দার্শনিক তত্ত্বের দিক থেকে বিবেকানন্দ ছিলেন ভাববাদী দার্শনিক। তাঁর মতে, ভারতের জাতীয় জীবনের মূল ভিত্তি হলো আধ্যাত্মিকতা ও ধর্ম। মানুষের জীবনে একটাই লক্ষ্য ব্রহ্মকে উপলব্ধি করা। আধ্যাত্মিক অণুপ্রেরণার মূল ভিত্তি হলো উপনিষদ ও বেদান্ত। ভারতের বৈদিক সাহিত্য ও বেদান্তের বিজ্ঞানসম্মত ব্যাখ্যা করে তিনি পাশ্চাত্যের জ্ঞান বিজ্ঞান ও দর্শনের সমন্বয়ের পক্ষে মতামত প্রদান করেন। ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে উল্লেখ করেছিলেন যে, ভারতের মানুষের